



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd




স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.৫৬.০০১.১৬(অংশ-১). ৫২৪

তারিখ: ১৬.০৩.২০২৩ খ্রি.

বিষয়: ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির নতুন শিক্ষাক্রম বাস্তবায়ন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের আলোকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন মাধ্যমিক পর্যায়ের ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির শিক্ষার্থীদের নতুন শিক্ষাক্রম অনুযায়ী শিখন-শেখানো ও মূল্যায়ন কার্যক্রমের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- (ক) ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির শিক্ষার্থীদের নতুন শিক্ষাক্রম অনুযায়ী শিখন-শেখানো ও মূল্যায়ন কার্যক্রমের ক্ষেত্রে এনসিটিবি কর্তৃক প্রণীত শিক্ষক সহায়িকা (Teacher's Guide) এবং শিক্ষাক্রমের নির্দেশনা অনুসারে সম্পাদন করতে হবে;
- (খ) ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির শিক্ষার্থীদের মূল্যায়নের ক্ষেত্রে প্রচলিত কোন পরীক্ষা/মডেল টেস্ট গ্রহণ করা যাবে না;
- (গ) ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির শিক্ষার্থীদের মূল্যায়নের বিষয়ে এনসিটিবি থেকে যে গাইড লাইন পাওয়া যাবে তা পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে;
- (ঘ) নতুন শিক্ষাক্রম বাস্তবায়নে শিক্ষক, প্রতিষ্ঠান প্রধান, উপজেলা/থানা একাডেমিক সুপারভাইজার, উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিসার, আঞ্চলিক উপপরিচালক এবং আঞ্চলিক পরিচালকগণ-কে নিয়মিত পরিবীক্ষণ জোরদার করতে হবে;
- (ঙ) নতুন শিক্ষাক্রম বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সচেতন ও সচেষ্ট থাকতে হবে। এ বিষয়ে কোন রকমের ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট ব্যক্তি বা ব্যক্তিবর্গ দায়ী থাকবেন।


(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)
পরিচালক (মাধ্যমিক)
৪১০৫০২৮৫

উপপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
সকল অঞ্চল

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ০২। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
[দৃ: আ: সদস্য (পাঠ্যপুস্তক), জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা]
- ০৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ০৪। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ০৫। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
- ০৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
[পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ০৭। জেলা শিক্ষা অফিসার, সকল [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
- ০৮। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
- ০৯। উপজেলা/থানা একাডেমিক সুপারভাইজার, সকল উপজেলা/থানা [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
- ১০। অধ্যক্ষ/প্রধান শিক্ষক,.....
- ১১। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ১২। পিএ টু পরিচালক(মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ১৩। সংরক্ষণ নথি।